# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন : ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২১-৫১

তারিখঃ ০৫/০১/১৪২৯ বঙ্গাঃ
১৮/০৪/২০২২ খ্রিঃ

## "দপ্তরাদেশ"

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া এর স্মারক নং-১ই-৪০৯/৬৭০ তারিখঃ ১৪/০২/২০২১ খ্রিঃ মাধ্যমে পরিচালক, শৃংখলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবরে প্রেরিত পত্রে জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট এর বিভিন্ন সময়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে দপ্তরে অনুপস্থিত থাকা, কর্মস্থল ত্যাগ করার অভিযোগ প্রসঙ্গে তার বরাবর দাখিলকৃত একখানি অভিযোগপত্র সংশ্লিষ্ট কাগজপত্র সহ অত্র দপ্তরে প্রেরণ করেন। উক্ত অভিযোগপত্রের বর্ণিত অভিযোগসমূহের সত্যতা যাচাই পূর্বক দায়-দায়িত্ব নিরূপণ করে মতামতসহ একটি স্বয়ং স্বম্পূর্ণ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২১-৪৪ , তারিখঃ ২৮/০৩/২০২১ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করা এবং মাঠ দপ্তরের কাজের সমন্বয়হীনতার অভিযোগ তদন্তে প্রমাণীত হওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২১-৮৪, তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রিঃ মোতাবেক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫১ অনুযায়ী কার্য ধারা সূচনা পূর্বক অভিযোগ নামা প্রেরণ করা হয়। কার্যধারা সূচনার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং কার্য ধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় প্রবিধান ৫১(১) (খ) মোতবেক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২১-১১৪ , তারিখঃ ০১/১১/২০২১ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ হালিম সালেহী, সাবেক নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা) এর বিরুদ্ধে তার নিকটতম নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া এর অনুমতি ছাড়া সদর দপ্তর ত্যাগের অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর 'তিরস্কার' (Censure) দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ হালিম সালেহী, সাবেক নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট (বর্তমানে নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর 'তিরস্কার' (Censure) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৮/০৪/২০২২
(প্রণয় কুমার প্রামাণিক)
পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৬৩১২৩১০১৪
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৭.২১-৫১(১১)

তারিখঃ ০৫/০১/১৪২৯ বঙ্গাঃ
১৮/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া পওর সার্কেল, বাপাউবো, বগুড়া।
৩. পরিচালক, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭. সিএসওটু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট।
৯. জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা (সাবেক নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, জয়পুরহাট)।
১০. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

১৮/০৪/২০২২

(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯